তারিখ 24 MAY 1996
পৃষ্ঠা ৪ কলাম ১

দৈনিক সংবাদ

## ময়মনসিংহ মেডিক্যাল কলেজে শিক্ষার সুষ্ঠু পরিবেশ প্রসঙ্গে

সাধারণ ছাত্রছাত্রী পরিষদ কর্তৃক উত্থাপিত ৬ দফা দাবির পরিপ্রেক্ষিতে কলেজে সাময়িক অচলাবস্থার সৃষ্টি হলে একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্ত অনুযায়ী গত ১২ই মে ময়মনসিংহ মেডিক্যাল কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়। উল্লেখ্য, গত ৭ই এপ্রিল ময়মনসিংহ মেডিক্যাল কলেজ হাসপাতালের ডক্টরস ক্লাবে টেলিভিশনে খেলা দেখাকে কেন্দ্র করে বহিরাগতদের সাথে অপ্রীতিকর ঘটনা ঘটলে বহিরাগতরা একজন ইন্টার্নি চিকিৎসককে এবং ময়মনসিংহ মেডিক্যাল কলেজের জনৈক ১ম প্রফেশনাল পরীক্ষার্থীকে লাঞ্ছিত করে। এ ঘটনার পরিপ্রেক্ষিতে ময়মনসিংহ মেডিক্যাল কলেজ ক্যাম্পাসে ছাত্রছাত্রীদের নিরাপত্তাসহ ৬ দফা দাবির লক্ষ্যে আন্দোলনের সূচনা হয়। এমতাবস্থায় ময়মনসিংহ মেডিক্যাল কলেজে অচলাবস্থার সৃষ্টি হলে গত ১১ই মে ছাত্রছাত্রী ও শিক্ষকদের মধ্যে এক খোলামেলা আলোচনা অনুষ্ঠিত হয়। এই আলোচনা ফলপ্রসূ না হলে একাডেমিক কাউন্সিল দায়সারাভাবে অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ করে দেয়।

এ ঘটনার ফলে একদিকে যেমন ময়মনসিংহ মেডিক্যাল কলেজের শিক্ষার স্বাভাবিক পরিবেশ বিঘ্নিত হচ্ছে, অপরদিকে তেমনি যেসকল বর্ষ আগামী টার্মে বিভিন্ন পেশাগত পরীক্ষায় অবতীর্ণ হবে, তাদের কোর্স শেষ করা দুরূহ হয়ে পড়ছে। 'জ্ঞানার্জনে এসো, সেবার্থে বেরিয়ে যাও' – এই আদর্শে উজ্জীবিত হয়ে যেখানে ভবিষ্যৎ প্রজন্মের চিকিৎসকরা জ্ঞান আহরণ করছে, সেখানে ছাত্রছাত্রীদের নিরাপত্তার ব্যাপারে আমরা স্থানীয় জনগণ ও প্রশাসনের সহায়তা প্রত্যাশা করি। আমরা তাই সঙ্গত কারণেই ময়মনসিংহ মেডিক্যাল কলেজে শিক্ষার সুষ্ঠু পরিবেশ কামনা করে এই আশাবাদ রাখছি যে, অবিলম্বে ছাত্রছাত্রীদের নিরাপত্তাসহ ৬ দফা দাবি বাস্তবায়নের মাধ্যমে কলেজ খুলে দেয়া হবে।

মোঃ জাহিদ হোসেন লোটাস
৪র্থ বর্ষ,
ময়মনসিংহ মেডিক্যাল কলেজ,
ময়মনসিংহ।